দৈনিক জনকণ্ঠ

FEB. 1 2001

তারিখ ........ পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

# খুলনা ভার্সিটির দ্বিতীয় সমাবর্তন ১৪ ফেব্রুয়ারি-প্রস্তুতি চলছে পুরোদমে ॥ রেজিস্ট্রেশন সময় বাড়ল

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥** খুলনা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানের প্রস্তুতি পুরোদমে চলছে। আগামী ১৪ ফেব্রুয়ারি সমাবর্তনের দিন ধার্য হয়েছে। মোট ৪টি শিক্ষাবর্ষে (১৯৯৫-৯৬, '৯৬-৯৭, '৯৭-৯৮ এবং '৯৮-৯৯) উত্তীর্ণ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারীদের এ অনুষ্ঠানে চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ সনদপত্র তুলে দেবেন। এই সময়ে প্রায় ৫শ' ছাত্রছাত্রী ডিগ্রী অর্জন করে। এদের অনেকেই উচ্চ শিক্ষা গ্রহণ ও চাকরির কারণে দেশের বাইরে অবস্থান করছে। প্রায় ৪শ' ছাত্রছাত্রী তাদের সনদ গ্রহণের জন্য উপস্থিত থাকবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

## সময় বৃদ্ধি

সমাবর্তন অনুষ্ঠানে অধিকসংখ্যক ডিগ্রীধারীর উপস্থিত থাকার সুবিধার্থে তাদের জন্য রেজিস্ট্রেশনের সময়সীমা আগামী ৫ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। ৩১ জানুয়ারি পর্যন্ত আগের মেয়াদ ছিল। জানা গেছে, ইতোমধ্যে ৩৫০ ডিগ্রীধারী তাদের রেজিস্ট্রেশন করেছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশনা বিভাগের দেয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামী ১৩ ফেব্রুয়ারি রেজিস্ট্রেশনকারীদের মধ্যে কার্ড বিতরণ করা হবে।

## অপেক্ষমাণ তালিকা হতে ভর্তি

বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ২০০০-২০০১ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে অপেক্ষমাণ তালিকা হতে আগামী ৭ ফেব্রুয়ারি ছাত্রছাত্রী ভর্তি করা হবে। ঐদিন সকাল ৯টা থেকে ১টা পর্যন্ত রেজিস্ট্রেশন ও বেলা ২টা থেকে ৪টা পর্যন্ত ভর্তি করা হবে। ৩১ জানুয়ারি বুধবার মেধা তালিকার ছাত্রছাত্রীদের ভর্তি করা হয়।